

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.৯৯.৩৩০.২১- ১৪০৭

তারিখ: ২৩/১২/২০২৩ খ্রিঃ।

বিষয়: গণকর্মচারী অবসর বিধি অনুযায়ী বয়স ৫৯(উনষাট) এবং মুক্তিযোদ্ধাদের ৬০(ষাট) বৎসর পূর্তিতে অবসর উত্তর ছুটি(পিআরএল) সহ লাম্পস্ম্যান্ট মঞ্জুরীর আবেদন দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণকর্মচারী অবসর বিধি অনুযায়ী বয়স ৫৯(উনষাট) এবং মুক্তিযোদ্ধাদের ৬০(ষাট) বৎসর পূর্তিতে অবসর উত্তর ছুটি(পিআরএল) গমনের নিমিত্ত পিআরএল শুরু ০৫(পাঁচ) মাস পূর্বে পিআরএল মঞ্জুরীর আবেদন দাখিলের বিধান রয়েছে। ফলে অবসর উত্তর ছুটি(পিআরএল)সহ লাম্পস্ম্যান্ট মঞ্জুরীর প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণের নিমিত্ত নিম্নবর্ণিত কাগজপত্রাদি/তথ্যাদিসহ পিআরএল শুরুর তারিখের কমপক্ষে ০৫(পাঁচ) মাস পূর্বে যথাযথভাবে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য সঠিক তথ্যাদিসহ যথাসময়ে আবেদন দাখিল না করার কারণে পিআরএল ও লাম্পস্ম্যান্ট মঞ্জুরীতে জটিলতা সৃষ্টি হলে এর সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর উপরই বর্তাবে।


পিআরএল এবং লাম্পস্ম্যান্ট মঞ্জুরীতে সংযুক্ত কাগজপত্রাদি :

- ১) অবসর উত্তর ছুটি(পিআরএল)সহ লাম্পস্ম্যান্ট মঞ্জুরীর আবেদন।
- ২) সংশ্লিষ্ট হিসাব রক্ষণ অফিস থেকে স্বাক্ষরিত ছুটির হিসাব সম্বলিত প্রত্যাশিত শেষ বেতন সনদ(ইএলপিসি)(সংযোজনী-১) এর মূলকপি ও সত্যায়িত ফটোকপি।
- ৩) এসএসসি পাশের সনদপত্রের সত্যায়িত ফটোকপি- ০২ কপি।
- ৪) ১ম শ্রেণি হিসেবে চাকরিকালীন সকল কর্মস্থলের প্রত্যয়ন পত্রের মূলকপি অথবা সত্যায়িত ফটোকপি। উল্লেখ্য সরকারি যানবাহন/মোটর সাইকেল বরাদ্দ না থাকার; অডিট আপত্তি, বিভাগীয় মামলা, ফৌজদারী মামলা, নারী ও শিশু নির্যাতন মামলা, বিচার বিভাগীয় মামলা, দুদকের মামলা ও অন্যান্য দেনা-পাওনা থাকা/না থাকার বিষয় প্রত্যয়ন পত্রে উল্লেখ করতে হবে (টেলিফোন বিল, বাড়ী ভাড়া, বিদ্যুৎ বিল, গ্যাস বিল, পানির বিল, পৌর কর, অগ্রিম ঋণ/সুদ বকেয়া আছে কি না এবং সরকারী বাসায় বসবাসকারীর ক্ষেত্রে বাসা ভাড়া বকেয়া থাকলে টাকার পরিমাণ)- ০২ সেট।

বিঃদ্রঃ সর্বশেষ কর্মস্থলের প্রত্যয়ন পত্র :- সহকারী প্রকৌশলী/উপজেলা সহকারী প্রকৌশলী/উপজেলা প্রকৌশলীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত; নির্বাহী প্রকৌশলীর ক্ষেত্রে সংশ্লিষ্ট অঞ্চলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলীর ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগের অতিরিক্ত প্রধান প্রকৌশলী/স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

প্রত্যয়ন পত্রের নমুনা কপি(অপর পৃষ্ঠায়)।


(মোঃ আব্দুর রশীদ মিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন)
পক্ষে-প্রধান প্রকৌশলী

ফোন: ৫৮১৫১৪১০

ই-মেইল: se.admin@lged.gov.bd

তারিখ: ২৩/১২/২০২৩ খ্রিঃ।

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.৯৯.৩৩০.২১- ১৪০৭/১(৬০০)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, -----বিভাগ, এলজিইডি, -----।
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, -----এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, -----অঞ্চল, এলজিইডি, জেলা: -----।
- ৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, -----এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৫) প্রকল্প পরিচালক, -----এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৬) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা: -----।
- ৭) সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, -----জেলা পরিষদ, জেলা: -----।
- ৮) উপজেলা প্রকৌশলী, উপজেলা: -----জেলা: -----।

(মোঃ নাজমুল হক) ২৩/১২/২০২৩

সিনিয়র সহকারী প্রকৌশলী(প্রশাসন)।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

.....প্রকৌশলীর কার্যালয়

উপজেলা:, জেলা:

www.lged.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-

তারিখ: -----খ্রিঃ।

প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায়
..... জেলার উপজেলা প্রকৌশলীর দপ্তরে জনাব
..... গত খ্রিঃ তারিখ হতেখ্রিঃ
তারিখ পর্যন্ত পদে কর্মরত ছিলেন। তাঁর কর্মকালীন সময়ে কোন সরকারী পাওনা,
টেলিফোন বিল, বিদ্যুৎ বিল, বাড়ী ভাড়া, অগ্রিম ঋণ, যানবাহন সংক্রান্ত দায় নেই। ইহাছাড়া তাঁর বিরুদ্ধে কোন
বিভাগীয় মামলা, ফৌজদারী মামলা, নারী ও শিশু নির্যাতন মামলা, বিচার বিভাগীয় মামলা, দুদকের মামলা এবং
কোন অনিষ্পন্ন অডিট আপত্তি নেই।

(-----নাম-----)

পদবী-----

অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর/তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর/

নির্বাহী প্রকৌশলীর দপ্তর/উপজেলা প্রকৌশলীর দপ্তর

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

বিভাগ/অঞ্চল/জেলা/উপজেলা(প্রযোজ্য ক্ষেত্রে)